

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সিড ফাইন্যান্সিং অধিশাখা
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।
www.dyd.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০০.০২৮.১৩.০০৬৭.২৬.১৪৩

তারিখ: ১ আষাঢ় ১৪৩৩
১৫ জুন ২০২৬

বিষয়: জনাব মো: মাইনুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর- এর পেনশন মঞ্জুরীর সুবিধার্থে ঋণ সংক্রান্ত বিষয়ে
অনাপত্তি / না দাবী প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: মাইনুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ২১/০৬/২০২৬খ্রি. তারিখ পেনশন এ গমন করবেন। তাঁর সমগ্র কর্মজীবনে নিম্নবর্ণিত কর্মস্থলের পার্শ্বে বর্ণিত পদে কর্মরত ছিলেন।

জেলা	উপজেলা	পদবী	কর্মকাল	
			থেকে	পর্যন্ত
কুমিল্লা	হোমনা	গ্রুপ এনিমেটর	০৬/০৬/১৯৯৩	২৪/১২/২০০৮
	মুরাদনগর (প্রেষণে)	গ্রুপ এনিমেটর	৩১/০৩/১৯৯৯	২৯/০৪/২০০২
গাজীপুর	কালিয়াকৈর	ক্রেডিট সুপারভাইজার	২৪/১২/২০০৮	১৫/০৭/২০০৯
টাংগাইল	ভূঞাপুর	ক্রেডিট সুপারভাইজার	২১/০৭/২০০৯	২৬/০৬/২০১৮
কিশোরগঞ্জ	কটিয়াদী	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	০৬/০৭/২০১৮	২২/১০/২০২২
	ইটনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	২৪/১০/২০২২	২০/০৬/২০২৫

পেনশন মঞ্জুরির সুবিধার্থে বর্ণিত কর্মস্থলসমূহে সকল ধরনের ঋণ বিতরণ ও ঋণের অর্থ রূআদায় সংক্রান্ত বিষয়ে আগামী ২৬/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মতামত/অনাপত্তি প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে মতামত/ অনাপত্তির জবাব না পাওয়া গেলে তাঁর ঋণ কার্যক্রম বাস্তবায়নে কোনো পাওনা নেই মর্মে কল্যাণ শাখায় অনাপত্তি প্রদান করা হবে। পরবর্তিতে কোনো পাওনা চিহ্নিত হলে যে কার্যালয় থেকে অনাপত্তির প্রতিবেদন প্রেরণ করা হয়নি সে কার্যালয়ের কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

ক. বর্ণিত কর্মস্থলে কর্মকালীন জনাব মো: মাইনুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর -কর্তৃক ঋণের আদায়কৃত অর্থ আত্মসাত হয়েছে কিনা?

খ. আত্মীয় বা অন্য কারো নামে ঋণ বিতরণ দেখিয়ে তিনি নিজেই ঋণের টাকা গ্রহণ করেছেন কিনা?

গ. ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকার শর্ত ভংগ করে কোনো ঋণ বিতরণ করা হয়েছে কিনা? উক্ত ঋণ খেলাপী থাকলে তার পরিমাণ।

১৫-০৬-২০২৬

মোঃ শাহীনুর রহমান

উপপরিচালক

ফোন : ০২২২৩৩৮৭৭২১

ইমেইল : ddpa1@dyd.gov.bd

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা / গাজীপুর /টাংগাইল / কিশোরগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন), প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ২। পরিচালক (অর্থ), অর্থ, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৩। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৪। কল্যাণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর.....(সংশ্লিষ্ট) উপজেলা.....জেলা।
- ৬। জনাব মো: মাইনুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ইটনা, কিশোরগঞ্জ।।
- ৭। সাঁট লিপিকার, মহাপরিচালকের দপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর।



(Handwritten signature)

১৫-০৬-২০২৬

মোঃ আবদুল আজিজ আকন্দ
সহকারী পরিচালক